দৈনিক ইনকিলাব

তারিখ 11 JUL 2007
পৃষ্ঠা ২ কলাম ১

৩১০
৪৪ ফিমেল

*বিতর্কিতদের আধিপত্যের অবসান*

# মাদ্রাসা শিক্ষা বোর্ডের বোর্ড সভার ১৩ সদস্য মনোনয়ন

ইনকিলাব রিপোর্ট

মাদ্রাসা শিক্ষা অধ্যাদেশ ১৯৭৮-এর ৪নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার আগামী ৩ বছরের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের বোর্ড সভার ১৩ জন সদস্যকে মনোনয়ন দিয়েছে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনের মাধ্যমে উক্ত মনোনয়ন দেয়া হয়।

পৃঃ ১১ কঃ ৫

## মাদ্রাসা শিক্ষা বোর্ডের

*প্রথম পৃষ্ঠার পর*

নতুন বোর্ড সভার সদস্য মনোনয়নের মাধ্যমে মাদ্রাসা বোর্ডের বোর্ড সভায় বিতর্কিত ব্যক্তিদের একচ্ছত্র আধিপত্যের অবসান ঘটেছে।

বোর্ড সভার সদস্যগণ হলেন চেয়ারম্যান-বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড পদাধিকারবলে। সহকারী পরিচালক (বিশেষ শিক্ষা) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন অথবা তার মনোনীত প্রতিনিধি। চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা। চেয়ারম্যান আরবি ও ইসলামিক স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। প্রিন্সিপাল ঢাকা আলিয়া মাদ্রাসা। মাওলানা শাব্বীর আহমদ মমতাজী, প্রিন্সিপাল তাংলাহাটি কামিল মাদ্রাসা, শ্রীপুর, গাজীপুর। মোঃ মোকাদ্দাসুল ইসলাম, প্রিন্সিপাল মদিনাতুল উলূম মাদ্রাসা, কাজলা রাজশাহী। মোঃ নজির আহম্মেদ সুপার হাড়াতলী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, এলাহীপুর, কুমিল্লা। মোঃ রফিকুল ইসলাম সুপার কেশবপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, সদর উপজেলা, জামালপুর। পরিচালক পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর ঢাকা। মাওলানা জালালুদ্দিন আল-কাদরী প্রিন্সিপাল জামেয়া আহমদিয়া সুন্নিয়া কামিল মাদ্রাসা ষোলশহর, চট্টগ্রাম ও মাওলানা হাদিউজ্জামান প্রিন্সিপাল ধাপ সাতপাড়া কামিল মাদ্রাসা, রংপুর।